

Ins-web

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স
৬, ফিনিগ্ন রোড, ফুলবাড়িয়া
ঢাকা-১০০০।
www.police.gov.bd

আইসিটি শাখা পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা	
স্মারক নং	৬৬৭
তারিখ	৮/০২/১৮
কর্তৃক ডিআইজি (আইসিটি)	
কর্তৃক এসপি (আইসিটি)	
মিলিঃ এএসপি/এএসপি (আইসিটি)	

স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৪.০০৫.১৮. ২৬৫(১০)

তারিখ : ১৬ মার্চ, ১৪২৪ বঙ্গাব্দ
৪ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : বাংলাদেশ পুলিশ বাহিনীতে বহিরাগত ক্যাডেট এসআই (নিরস্ত্র) পদে প্রাথমিক অংশগ্রহণের সুযোগ প্রদান প্রসঙ্গে।

সূত্র : জাতীয় বিশ্ববিদ্যালয় এর স্মারক নং-(০-৫) জাতীয়বিঃ/পনি/অফিস আদেশ/২০১২/০৩/২২৮৩ তারিখ: ৮/২/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, ২০১৮ সনের বহিরাগত ক্যাডেট এসআই (নিরস্ত্র) পদে নিয়োগ বিজ্ঞপ্তির অনুলেখন-৪ এর 'ক' এবং 'খ' শর্তানুযায়ী শারীরিক মাপ ও শারীরিক পরীক্ষায় অংশগ্রহণকালে প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/সাময়িক সনদপত্রের মূলকপি এবং সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে মর্মে নির্দেশনা রয়েছে।

প্রসঙ্গতঃ উল্লেখ যে, অনেক প্রার্থী সম্প্রতি অনার্স/ডিগ্রি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু সময় স্বল্পতার কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের শিক্ষাগত যোগ্যতার সাময়িক/মূল সনদপত্র ইস্যু করতে পারেনি। সেক্ষেত্রে উক্ত প্রার্থী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও প্রত্যায়িত মার্কশিট (সনদপত্র) এবং সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপি সহ চাহিত অন্যান্য কাগজপত্রাদি নাখিলপূর্বক আলোচ্য শারীরিক মাপ ও শারীরিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এছাড়া বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলি অপরিবর্তিত থাকবে।

বর্ণিত বিষয় সময় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মোহাম্মদ নাসিরুল ইসলাম
বিপি-৭৪০৩০২৭৮৫৭
এআইজি, রিক্রুটমেন্ট অ্যান্ড কারিয়ার প্র্যানিং-১
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
☎ ৯৫৮৫৩০৩
ই-মেইল : aigr_m@police.gov.bd

বিতরণ :

কার্যার্থে-

১. ডিআইজি, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/বংপুর/ময়মনসিংহ রেঞ্জ
বাংলাদেশ পুলিশ।

জ্ঞাতার্থে/ কার্যার্থে :

১. পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
অতিরিক্ত ডিআইজি (আইসিটি)
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (বাংলাদেশ পুলিশ ওয়েবসাইটে প্রকাশের জন্য বিনীত অনুরোধ করা হলো)।